

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৭৮

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ পরকালের আমলে অলসতাকারীর জন্য হুশিয়ারি

আরবী

78 عَنْ أَبِي هُرَيْرَةَ وَعَنْ أَبِي سَعِيد _ رضي الله عنهما _ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: «يُوْتَى بِالْعَبْدِ يَوْمَ الْقِيَامَةِ فَيَقُولُ اللَّهُ لَهُ: أَلَمْ أَجْعَلْ لَكَ سَمْعًا وَبَصَرًا وَمَالاً وَوَلَدًا، وَسَخَّرْتُ لَكَ الْأَنْعَامَ وَالْحَرْثَ، وَتَرَكْتُكَ تَرْأَسُ وَتَرْبَعُ، فَكُنْتَ تَظُنُّ أَنَّكَ مُلَاقِي يَوْمَكَ هَذَا؟» قَالَ: «فَيَقُولُ لَا. فَيَقُولُ لَهُ: الْيَوْمَ أَنْسَاكَ كَمَا نَسِيتَنِي». (ت) مُلاقِي يَوْمَكَ هَذَا؟» قَالَ: «فَيَقُولُ لَا. فَيَقُولُ لَهُ: الْيَوْمَ أَنْسَاكَ كَمَا نَسِيتَنِي». (ت) حسن

বাংলা

৭৮. আবৃ হুরায়রা ও আবৃ সায়িদ খুদরি রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তারা বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "কিয়ামতের দিন বান্দাকে উপস্থিত করা হবে, অতঃপর আল্লাহ তাকে বলবেন: আমি কি তোমাকে কান, চোখ, সম্পদ ও সন্তান দেই নি? এবং তোমার জন্য চতুম্পদ জন্তু ও কৃষি অনুগত করে দিয়েছি। আর তোমাকে দিয়েছি নেতৃত্ব দেয়া ও ভোগ করার সুযোগ, (এত কিছুর পর) তুমি কি চিন্তা করেছ তোমার এ দিনে আমার সাথে সাক্ষাৎ করবে?" রাসূল বলেন: "সে বলবে: না, অতঃপর তিনি তাকে বলবেন: আজ আমি তোমাকে ছেড়ে যাব, যেমন তুমি আমাকে ভুলে গিয়েছিলে"। [তিরমিযি] হাদিসটি হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন